দৈনিক খবর

তারিখ 11 OCT 1992
পৃষ্ঠা ২ কলাম ৪

27

### গাজীপুরে প্রতিবাদ সভা

## স্কুল ছাত্র হত্যায় দায়ী ব্যক্তিদের গ্রেফতার দাবী

গাজীপুর, ৮ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।- স্কুল ছাত্র ফারুক হত্যার প্রতিবাদে সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে আজ এক প্রতিবাদ সভা চান্দনা চৌরাস্তায় অনুষ্ঠিত হয়। বক্তারা অবিলম্বে দায়ী ব্যক্তিদের গ্রেফতার দাবী করেছেন।

আলতাফ হোসেনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন শহীদুল ইসলাম, আব্দুল বাসেত, দিলীপ কুমার ঘোষ, মিনহাজউদ্দিন ও আসাদুজ্জামান। বক্তারা হত্যাকারীদের গ্রেফতার ও শাস্তি দাবী করে আন্দোলনের কর্মসূচী ঘোষণা করেন। কর্মসূচীর মধ্যে রয়েছে ১২ই অক্টোবর গাজীপুরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে কালো পতাকা উত্তোলন, কালো ব্যাজ ধারণ ও শোক সভা। ১৩ই অক্টোবর জেলা প্রশাসকের অফিস ঘেরাও ও স্মারকলিপি প্রদান।

উল্লেখ্য, স্থানীয় চান্দনা হাইস্কুলের ৮ম শ্রেণীর ছাত্র ফারুক (১৪) গত ৩রা অক্টোবর চাচার সাথে দোকানে পাউরুটি কিনতে গেলে দোকানদারের লাঠির আঘাতে নিহত হয়।